

# ■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ২২২০

২২/ সাওম [রোযা] (১যা় ১যা)

পরিচ্ছেদঃ ৪১/ এ হাদীসের বর্ণনায় আবু সালিহ (রহঃ) থেকে বর্ণনাকারীদের বর্ণনা পার্থক্যের উল্লেখ

باب ذِكْرِ الإِخْتِلاَفِ عَلَى أَبِي صَالِحٍ فِي هَذَا الْحَدِيثِ

### আরবী

أَخْبَرَنِي إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ، عَنْ حَجَّاجٍ، قَالَ قَالَ ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي عَطَاءٌ، عَنْ أبي صَالِحٍ الزَّيَّاتِ، أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَة، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " كُلُّ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلاَّ الصِيّامَ هُوَ لِي وَأَنَا أَجْزِي بِهِ وَالصِيّامُ جُنَّةٌ إِذَا كَانَ يَوْمُ صِيامِ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلاَّ الصِيّامَ هُو لِي وَأَنَا أَجْزِي بِهِ وَالصِيّامُ جُنَّةٌ إِذَا كَانَ يَوْمُ صِيامِ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلاَّ الصِيّامَ هُو لِي وَأَنَا أَجْزِي بِهِ وَالصِيّامُ جُنَّةٌ إِذَا كَانَ يَوْمُ صِيامِ أَحَدِكُمْ فَلاَ يَرْفُثُ وَلاَ يَصِخْبُ فَإِنْ شَاتَمَهُ أَحَدٌ أَوْ قَاتَلَهُ فَلْيَقُلْ إِنِي صَائِمٌ وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيَدِهِ لَخُلُوفُ فَمِ الصَّائِمِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ يَوْمَ الْقِيَامَةِ مِنْ رِيحِ الْمِسْكِ لِلصَّائِمِ فَرْحَبِهِ فَرْحَهُمَا إِذَا أَفْطَرَ فَرِحَ بِفِطْرِهِ وَإِذَا لَقِيَ رَبَّهُ عَزَّ وَجَلَّ فَرِحَ بِصَوْمِهِ " .

#### বাংলা

২২২০। ইবরাহীম ইবনু হাসান (রহঃ) ... আবূ সালিহ যায়্যাত (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি আবূ হুরায়রা (রাঃ) কে বলতে শুনেছেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, বনী আদমের প্রত্যেক নেক কাজ তার নিজের জন্য (কেননা সব কাজের প্রতিদান তাকে দেওয়া হয়) কিন্তু সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) আমারই জন্য (আল্লাহর জন্য) এবং আমিই নিজে তার প্রতিদান দিব। আর সাওম ঢাল স্বরূপ। তোমাদের মধ্যে কেহ যখন সাওম পালন করে, তখন সে যেন অল্লীল বাক্য ব্যবহার না করে এবং উচ্চস্বরে কথা না বলে ও কারো উপর রাগান্বিত না হয়। যদি কেউ তাকে গালি দেয় বা গায়ে পড়ে ঝগড়া করতে আসে তখন সে যেন বলে, আমি সাওম পালন করছি।

ঐ সত্তার শপথ যার পবিত্র হাতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রাণ, সাওম পালনকারীর (ক্ষুধাজনিত কারণে) মুখের দুর্গন্ধ আল্লাহ তাঁআলার কাছে কস্তুরীর সুগন্ধি থেকেও অধিক পছন্দনীয় হবে। সাওম পালনকারীর জন্য দু'টি আনন্দ রয়েছে- যার দ্বারা সে আনন্দিত হবে। স্বীয় ইফতারের সময় সে আনন্দিত হবে এবং তার রবের সাথে সাক্ষাৎ করার সময় তার সাওম পালনের কারণে আনন্দিত হবে।

## **English**



#### Abu Hurairah said:

"The Messenger of Allah said: '(Allah says) Every deed of the son of Adam is for him, except fasting; it is for me and I shall reward for it. Fasting is a shield. If any one of you is fasting, let him no utter obscene talk or raise his voice in anger, and if anyone insults him or wants to fight, let him say: I am fasting. By the One in whose hand is the soul of Muhammad, the smell coming from the mouth of the fasting person is better before Allah than the fragrance of musk. The fasting person has two moments of joy: When he breaks his fast he rejoices at breaking his fast and when he meets his Lord, the Mighty and Sublime, he will rejoice at having fasted."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সালিহ যায়য়্যাত (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন